গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-২
www.sylhetdiv.gov.bd

বিষয়: চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত আঞ্চলিক টাস্কফোর্সের ০৫/২০২৪ তম সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	: ১৭ সেপ্টেম্বর ২০২৪
সভার সময়	: সকাল ১১.০০ টা
স্থান	: বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভাপতি শুরুতেই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে গত ১৬ জুলাই হতে ০৫ আগস্ট পর্যন্ত সময়ে নিহত শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন। এরপর সভাপতি চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত আঞ্চলিক টাস্কফোর্সের সভায় আগত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট এবং অত্র কমিটির সদস্য-সচিব (ভারপ্রাপ্ত) কার্যপত্র অনুযায়ী আলোচ্যসূচি উপস্থাপন করেন।

০২। বিগত ১৫ জুলাই তারিখে অনুষ্ঠিত চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত আঞ্চলিক টাস্কফোর্সের সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহ ও এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

<table>
<tr><th>আলোচ্য বিষয়:</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১৫ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিত চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত আঞ্চলিক টাস্কফোর্সের সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:
<table>
<tr><th>সভার তারিখ</th><th>গৃহীত সিদ্ধান্তের সংখ্যা</th><th>গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার</th></tr>
<tr><td>১৫.০৭.২০২৪</td><td>৪৮</td><td>৪৭</td><td>৯৭.৯২%</td></tr>
</table>
</td><td>জুলাই ২০২৪ মাসে গৃহীত ৪৮ টি সিদ্ধান্তের মধ্যে ৪৭ টি বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অবশিষ্ট ০১ (এক) টি সিদ্ধান্ত আগামী সভার পূর্বে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>সংশ্লিষ্ট সকল বিভাগ।</td></tr>
</table>

০১. উপজেলা ও ইউনিয়ন চোরাচালান প্রতিরোধ কমিটির সভা: ১.১ সীমান্তবর্তী ১৯টি উপজেলার মধ্যে মে ২০২৪ এবং জুন ২০২৪ মাসে ১৯ (উনিশ) টি উপজেলায় সভা অনুষ্ঠিত হয়েছে। তাছাড়া সীমান্তবর্তী ৬৪ টি ইউনিয়নের মধ্যে মে ২০২৪ এবং জুন ২০২৪ মাসে ৬৪ (চৌষট্টি) ইউনিয়নেই সভা অনুষ্ঠিত হয়েছে। ১.২ সভাপতি সীমান্তবর্তী সকল উপজেলা এবং ইউনিয়নে চোরাচালান প্রতিরোধে পুলিশ বিভাগ, বিজিবি, কাস্টমস ও র‍্যাব এর সমন্বয়ে নিয়মিত মত বিনিময় সভা আয়োজনের ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। ১.৩ তাছাড়া সভা/সমাবেশসমূহ যেন কার্যকরী হয় সে বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির সভায় স্থানীয় জনপ্রতিনিধি ও সুশীল সমাজকে সম্পৃক্ত করার বিষয়টি নিশ্চিত করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১.১ সীমান্তবর্তী সকল উপজেলা ও ইউনিয়নে চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠান এবং সভার কার্যবিবরণী প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে। ১.২ চোরাচালান প্রতিরোধে পুলিশ বিভাগ, বিজিবি, কাস্টমস ও র‍্যাব এর সমন্বয়ে নিয়মিত মত বিনিময় সভা আয়োজনের ধারা অব্যাহত রাখতে হবে। ১.৩ চোরাচালান প্রতিরোধে সভা/সমাবেশসমূহ যেন কার্যকরী হয় সেজন্য স্থানীয় জনপ্রতিনিধি ও সুশীল সমাজকে সম্পৃক্ত করতে হবে।	সংশ্লিষ্ট সকল বিভাগ।

২. জেলা টাস্কফোর্সের কার্যক্রম সংক্রান্ত: ২.১ টাস্কফোর্সের অভিযান পরিচালানা সম্পর্কে সভায় সদস্য-সচিব সভাপতি মহোদয়কে জানান যে, জেলা প্রশাসক, সিলেট ও হবিগঞ্জ নির্ধারিত প্রমাপ অনুযায়ী অভিযান পরিচালনা করেননি। এখানে উল্লেখ্য যে, সিলেট বিভাগের ০৪ (চার) জেলার জেলা প্রশাসকগণ আগস্ট ২০২৪ মাসে জেলা প্রশাসক হিসেবে যোগদান করেছেন এবং এটি জেলা প্রশাসকগণের ১ম সভা বিধায় সভাপতি নির্ধারিত প্রমাপের বিষয়টি সকলকে অবহিত করেন। ২.২ জেলা টাস্কফোর্সের অভিযান পরিচালানার ক্ষেত্রে এ কার্যালয় হতে প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক (নির্ধারিত প্রমাপ অনুযায়ী) প্রতি মাসে অভিযান পরিচালনার করার জন্য সভাপতি জেলা প্রশাসকগণদের নির্দেশনা প্রদান করেন। ২.৩ পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী জেলা টাস্কফোর্সের অভিযান সম্পর্কিত প্রতিবেদন থেকে দেখা যায় যে **জুলাই/২০২৪ মাসে ১৪ (চৌদ্দ) টি অভিযান পরিচালনা করে ৪২,২০,০০০/-(বিয়াল্লিশ লক্ষ বিশ হাজার) টাকার মালামাল এবং ০১ জন ব্যাক্তিকে আটক করা হয়েছে এবং আগস্ট/২০২৪ মাসে ০৩ (তিন) টি অভিযান পরিচালনা করে ৮৫,৫০,০০০/- (পঁচাশি লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মালামাল আটক করা হয়েছে।** ২.৪ সুনামগঞ্জ জেলায় জলপথে টাস্কফোর্সের অভিযান পরিচালানার সময় পুলিশ সুপার, নৌ-পুলিশ-কে অধিক তৎপর থাকার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ২.৫ সুনামগঞ্জ সদর উপজেলার ধোপাজান চলতি নদীতে কাইয়ারগাঁও এবং সাহেবনগর এলাকায় নৌ-পুলিশ, বিজিবি প্রশাসনের কর্মকর্তাবৃন্দ এবং স্থানীয় জনগণের সমন্বয়ে টাস্কফোর্সের একটি অভিযান পরিচালনা করেছেন মর্মে উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট সভায় অবহিত করেন। তাছাড়া তিনি টাস্কফোর্সের অভিযান সফলভাবে পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল বিভাগকে সম্মিলিতভাবে কাজ করার বিষয়ে সভায় মতামত প্রকাশ করেন। ২.৬ ড্রেজার মেশিনের যত্রতত্র ব্যবহার বন্ধের বিষয়ে সভাপতি সভায় বিস্তারিত আলোচনা করেন এবং টাস্কফোর্সের অভিযান পরিচালানার সময় ড্রেজার মেশিন জব্দ করার বিষয়ে সংশ্লিষ্ট সকল সংস্থাকে নির্দেশনা প্রদান করেন।	২.১ জেলা প্রশাসক, সিলেট ও হবিগঞ্জ -কে নির্ধারিত প্রমাপ অনুযায়ী অভিযান পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ২.২ প্রমাপ অনুযায়ী প্রতি মাসে আবশ্যিককভাবে জেলা প্রশাসকগণদের টাস্কফোর্সের অভিযান পরিচালানা করতে হবে। ২.৩ সীমান্তবর্তী এলাকায় টাস্কফোর্সের অভিযান বৃদ্ধি করতে হবে। ২.৪ জলপথে টাস্কফোর্সের অভিযান পরিচালানার সময় পুলিশ সুপার, নৌ-পুলিশ-কে অধিক তৎপর থাকতে হবে। ২.৫ টাস্কফোর্সের অভিযান পরিচালনার ক্ষেত্রে সকল সংস্থাকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। ২.৬ ড্রেজার মেশিন জব্দ করার বিষয়ে সংশ্লিষ্ট সকল সংস্থাকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।	সংশ্লিষ্ট সকল বিভাগ।

৩. রেলওয়ে স্টেশন ও চলন্ত ট্রেনে চোরাচালান বিরোধী অভিযান সংক্রান্ত: ৩.১ সভায় জানানো হয় যে, বনবিভাগ কর্তৃক জুলাই-আগস্ট/২০২৪ মাসে বিভিন্ন রেলওয়ে স্টেশন ও চলন্ত ট্রেনে চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করা হয়নি মর্মে বিভাগীয় বন কমকর্তা সভায় অবহিত করেন। ৩.২ স্টেশন ম্যানেজার, সিলেট, রেলওয়ে পুলিশসহ অন্যান্য সংশ্লিষ্ট সকল বিভাগের সমন্বয়ে অভিযান পরিচালনা নিশ্চিতকরণের জন্য সভায় আলোচনা করা হয়। ৩.৩ বনবিভাগ কর্তৃক রেলওয়ে স্টেশন ও চলন্ত ট্রেনে জুলাই- আগস্ট ২০২৪ মাসে বেশীরভাগ সময় ট্রেন চলাচল বন্ধ থাকার কারণে অভিযান পরিচালনা করা সম্ভব হয়নি। বর্তমানে অভিযান পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ৩.৪ পাক্ষিকভাবে দু'জন নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক অভিযান পরিচালনার ধারা অব্যাহত রাখার জন্য সভাপতি জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করেন।	৩.১ রেলওয়ে স্টেশন ও চলন্ত ট্রেনে নিয়মিত চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করতে হবে। ৩.২ স্টেশন ম্যানেজারসহ সংশ্লিষ্ট সকলকে অবগত করে সমন্বিতভাবে চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করতে হবে। ৩.৩ বন বিভাগ কর্তৃক প্রতি মাসে সুবিধাজনক সময়ে ট্রেনে চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। ৩.৪ নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক পাক্ষিক ভাবে রেলওয়ে স্টেশনে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।	১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)। ২. রেলওয়ে পুলিশ সুপার, সিলেট। ৩. স্টেশন ম্যানেজার, সিলেট, রেলওয়ে স্টেশন, সিলেট। ৪. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট।

৪. চোরাচালান প্রতিরোধে পরিচালিত (সকল সংস্থার) অভিযান ও জব্দকৃত মালামালের বিবরণী পর্যালোচনা: ৪.১ জুলাই-আগস্ট ২০২৪ মাসের চোরাচালান প্রতিরোধে পরিচালিত (সকল সংস্থার) অভিযান ও জব্দকৃত মালামালের বিবরণী পর্যালোচনায় দেখা যায় সিলেট বিভাগে জুলাই/২০২৪ ও আগস্ট/২০২৪ মাসের চোরাচালান প্রতিরোধে পরিচালিত (সকল সংস্থার) অভিযান ও জব্দকৃত মালামালের বিবরণী পর্যালোচনায় দেখা যায় সিলেট বিভাগে জুলাই/২০২৪ মাসে ৯৭৩২ টি অভিযান পরিচালনা করে ২১,৬০,৬৮,৫০২/- টাকার মালামাল এবং ১৩৯ জন ব্যক্তিকে আটক করা হয়েছে এবং **আগস্ট/২০২৪ মাসে ৯৮২১ টি অভিযান পরিচালনা করে ৪৭,৪৭,৬৮,১৮৪/-(সাতচল্লিশ কোটি সাতচল্লিশ লক্ষ আটষট্টি হাজার একশত চুরাশি) টাকার মালামাল এবং ৭৫ জন ব্যক্তিকে আটক করা হয়েছে হয়েছে বলে সভায় অবহিত করা হয়।** চোরাচালান অভিযানে অধিক পরিমাণে পণ্য উদ্ধার হওয়ায় সভাপতি সংশ্লিষ্টদের ধন্যবাদ জ্ঞাপন করেন। ৪.২ সভায় চোরাচালান অভিযানের সময় ভিডিও ক্লিপ ধারণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তাছাড়া চোরাচালান রুট চিহ্নিত করে চেক পোস্ট -এর ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ৪.৩ সীমান্তবর্তী এলাকায় চোরাচালানের সাথে জড়িত ব্যক্তিবর্গের নামের তালিকা প্রস্তুত করার জন্য সভাপতি জেলা প্রশাসকগণদের নির্দেশনা প্রদান করেন। ৪.৪ সীমান্তবর্তী এলাকা দিয়ে ভারতীয় চিনি, গরু, মহিষ, বিস্কুট, মটর ডাল, শাড়ি, থ্রি-পিস, নিম্নমানের চা-পাতা, সুপারি,অফিসার চয়েজ, গাঁজা, ফেন্সিডিল, মাদক, ইয়াবা, এবং নিম্নমানের প্রসাধনী সামগ্রী প্রবেশ করতে না পারে সে বিষয়ে তৎপর থাকতে হবে। ৪.৫ চোরাচালান অভিযানে আটককৃত/জব্দকৃত মালামাল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে সভায় নির্দেশনা প্রদান করেন। **৪.৬ চোরাচালান অভিযানে আটককৃত/জব্দকৃত ট্রাক, গাড়ি, মোটর সাইকেলসহ যেসকল যানবাহন নিলামের মাধ্যমে নিষ্পত্তি করা হয় সেসকল যানবাহনের রেজি:নম্বর/নম্বর প্লেট নিলামের পর বিধি মোতাবেক দ্রুত বিনষ্ট করার জন্য সভাপতি** সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। ৪.৭ সীমান্তবর্তী এলাকা ছাড়াও সিলেট শহরতলীর বিভিন্ন এলাকায় চোরাচালান বিরোধী অভিযান অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়।	৪.১ চোরাচালান প্রতিরোধে সকল সংস্থার অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। ৪.২ চোরাচালান অভিযানের সময় ভিডিও ক্লিপ তৈরীর চেষ্টা অব্যাহত রাখতে হবে। ৪.৩ সীমান্তবর্তী এলাকায় চোরাচালানের সাথে জড়িত ব্যক্তিবর্গের নামের তালিকা প্রস্তুত করতে হবে। ৪.৪ সীমান্তবর্তী এলাকা দিয়ে যেন ভারতীয় পণ্য-সামগ্রী প্রবেশ করতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে। ৪.৫ আটককৃত/জব্দকৃত মালামাল দ্রুত নিষ্পত্তি করতে হবে। ৪.৬ **চোরাচালান অভিযানে আটককৃত/জব্দকৃত ট্রাক, গাড়ি, মোটর সাইকেল সহ যেসকল যানবাহন নিলামের মাধ্যমে নিষ্পত্তি করা হয় সেসকল যানবাহনের রেজি:নম্বর/নম্বর প্লেট নিলামের পর বিধি মোতাবেক বিনষ্ট** করতে হবে। ৪.৭ সীমান্তবর্তী এলাকা ছাড়াও সিলেট শহরতলীর বিভিন্ন এলাকায় চোরাচালান বিরোধী অভিযান অব্যাহত রাখতে হবে।	১. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট। ২.পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট। ৩.সেক্টর কমান্ডার বিজিবি, সিলেট/শ্রীমঙ্গল। ৪. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)। ৫. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট। ৬. পুলিশ সুপার (সকল)। ৭. পুলিশ সুপার, নৌ-পুলিশ, সিলেট। ৮. কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সিলেট।

০৫. মাদক বিরোধী অভিযান ও জব্দকৃত মালামালের বিবরণী পর্যালোচনা: ৫.১ মাদকদ্রব্য সংক্রান্ত মামলার তদন্ত ও বিচার নিষ্পত্তির সমন্বিত প্রতিবেদন আঞ্চলিক টাস্কফোর্সের নিকট প্রেরণ অব্যাহত রয়েছে। জুলাই/২০২৪ ও আগস্ট/২০২৪ মাসের মাদকদ্রব্য সংক্রান্ত মামলার (সকল সংস্থার) অভিযান ও জব্দকৃত মালামালের বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, জুলাই, ২০২৪ মাসে ৩,০১৫ টি অভিযান পরিচালনার মাধ্যমে ২,১১,৭০,২৭০/-(দুই কোটি এগারো লক্ষ সত্তর হাজার দুইশত সত্তর টাকা) মালামাল এবং ১৬৪ জনকে আটক করা হয়েছে। আগস্ট/২০২৪ মাসে ২,৮১০ টি অভিযান পরিচালনার মাধ্যমে ১,৪৫,৮৭,২৮০/- (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ সাতাশি হাজার দুইশত আশি) টাকার মালামাল এবং ৪৮ জনকে আটক করা হয়েছে। ৫.২ মাদকের অভিযান পরিচালনার ক্ষেত্রে জেলা প্রশাসকগণদের অবহিত করে অভিযান পরিচালনা করার জন্য সভাপতি অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট-কে নির্দেশনা প্রদান করেন। এতে নির্বাহী ম্যাজিস্ট্রেটসহ অভিযান পরিচালনার বিষয়টি নিশ্চিত করা যাবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ৫.৩ মাদকদ্রব্য সংক্রান্ত মামলার তদন্ত ও বিচার নিষ্পত্তির সমন্বিত প্রতিবেদন নিয়মিত পাওয়া যাচ্ছে। মাদকদ্রব্য সংক্রান্ত মামলায় অত্যধিক খালাসের কারণ অনুসন্ধান করতে হবে। ৫.৪ মাদকদ্রব্য সংক্রান্ত মামলার নিষ্পত্তির বিষয় ও চলমান মামলার সাক্ষ্য অবস্থা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রত্যেক জেলায় মাদক বিরোধী অভিযান জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়। ৫.৫ সিলেট জেলার বিজ্ঞ সহকারী সরকারি কৌশুলী সভায় বলেন যে, স্বাক্ষীর হাজিরার বিষয়টি নিশ্চিত করা হলে মামলা পরিচালনা কার্যক্রম অধিক ফলপ্রসূ হবে। ৫.৬ মাদক সংক্রান্ত মামলা নিস্পত্তির বিষয়ে যথাযথ নির্দেশনা প্রতিপালনসহ মাদকের বিরুদ্ধে সকল সংস্থাকে সমন্বিতভাবে কাজ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ৫.৭ পুলিশ সুপার, সিলেট প্রতি জেলায় (আদালতে) স্বাক্ষী সহায়তা ডেস্ক/হেল্পরুম খোলার বিষয়ে সভায় মতামত প্রদান করেন। বর্ণিত বিষয়ে সভাপতিসহ সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। ৫.৮ মাদক চোরাকারবারীদের বিরুদ্ধে নিয়মিত অভিযান ও ধৃত ব্যক্তিদের বিরুদ্ধে মামলা দায়ের সহ সংশ্লিষ্ট মামলার স্বাক্ষীদের আদালতে উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। ৫.৯ স্বাক্ষ্য নেয়ার ক্ষেত্রে ক্যামেরার সাহায্যে ছবি/ভিডিও ক্লিপ ধারণ যথেষ্ট কার্যকর/গ্রহণযোগ্য আলামত মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ৫.১০ তাছাড়া সংশ্লিষ্ট সকলকে স্বাক্ষ্য আইন মেনে চলাসহ স্বাক্ষী নির্বাচনের ক্ষেত্রে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গকে অন্তর্ভূক্ত করার জন্য সভায় আলোচনা করা হয়।	৫.১ মাদকদ্রব্য সংক্রান্ত মামলার তদন্ত ও বিচার নিষ্পত্তির সমন্বিত প্রতিবেদন আঞ্চলিক টাস্কফোর্সের নিকট প্রেরণ অব্যাহত রাখতে হবে। ৫.২ মাদকের অভিযান পরিচালনার পূর্বে জেলা প্রশাসকগণদের অবহিত করে অভিযান পরিচালনা করতে হবে। ৫.৩ মাদকদ্রব্য সংক্রান্ত মামলায় অত্যধিক খালাসের কারণ অনুসন্ধান করতে হবে। ৫.৪ প্রত্যেক জেলায় মাদক বিরোধী অভিযান জোরদার করতে হবে। ৫.৫ মামলা নিষ্পত্তির বিষয়ে স্বাক্ষীর হাজিরার বিষয়টি নিশ্চিত করতে হবে। ৫.৬ মাদকের মামলা নিস্পত্তির বিষয়ে যথাযথ নির্দেশনা প্রতিপালনসহ মাদকের বিরুদ্ধে সকল সংস্থাকে সমন্বিতভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৫.৭ প্রতি জেলায় (আদালতে) স্বাক্ষী সহায়তা ডেস্ক/হেল্পরুম খোলার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৫.৮ মাদক চোরাকারবারীদের বিরুদ্ধে নিয়মিত অভিযান ও ধৃত ব্যক্তিদের বিরুদ্ধে মামলা দায়ের করতে হবে। ৫.৯ স্বাক্ষ্য নেওয়ার (জব্দ করার সময়) ক্ষেত্রে ক্যামেরার সাহায্যে ছবি/ভিডিও ক্লিপসমূহ ধারণ করে রাখতে হবে। ৫.১০ সংশ্লিষ্ট সকলকে স্বাক্ষ্য আইন মেনে চলতে হবে এবং স্বাক্ষী নির্বাচনের ক্ষেত্রে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গকে অন্তর্ভূক্ত করতে হবে।	১. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট। ২. পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট। ৩. সেক্টর কমান্ডার বিজিবি, সিলেট/শ্রীমঙ্গাল। ৪. জেলা প্রশাসক (সকল)। ৫. কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সিলেট। ৬. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)। ৭. অধিনায়ক, র‌্যাব-৯, সিলেট। ৮.পুলিশ সুপার (সকল)। ৯. পুলিশ সুপার, বাংলাদেশ রেলওয়ে, সিলেট। ১০. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট। ১১. বিজ্ঞ পিপি (সকল)।

০৬ মাদকদ্রব্য সংক্রান্ত মামলা নিষ্পত্তির বিবরণী: ৬.১ সভায় মাদক সংক্রান্ত মামলার তথ্য উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে জেলা প্রশাসনসহ অন্যান্য সকল সংস্থা থেকে প্রাপ্ত তথ্য মতে সিলেট বিভাগে জুলাই/২০২৪ মাসে ৯২ টি মামলা দায়ের করা হয়েছে এবং১৩৬ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। আগস্ট/২০২৪ মাসে ৩৯ টি মামলা দায়ের করা হয়েছে এবং ৬০ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৬.২ মাদক সংক্রান্ত মামলাসমূহ দুত নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৬.১ মাদক সংক্রান্ত তদন্তাধীন মামলার বিষয়ে দুত প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৬.২ মাদক সংক্রান্ত সকল মামলা দুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট। ২. সেক্টর কমান্ডার বিজিবি, সিলেট/শ্রীমঙ্গাল। ৩. কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সিলেট। ৪. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)। ৫. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট। ৬. পুলিশ সুপার (সকল)। ৭. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট। ৮. বিজ্ঞ পিপি (সকল)
০৭. চোরাচালান মামলা সংক্রান্ত: ৭.১ সভায় চোরাচালান সম্পর্কিত মামলার তথ্য উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে জেলা প্রশাসনসহ অন্যান্য সকল সংস্থা থেকে প্রাপ্ত তথ্য মতে সিলেট বিভাগে জুলাই/২০২৪ মাসে ৫৭ টি মামলা দায়ের করা হয়েছে এবং ১৬ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। আগস্ট/২০২৪ মাসে ৪৯ টি মামলা দায়ের করা হয়েছে এবং ২০ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৭.২ সভাপতি চোরাচালান মামলার বিবরণ যথাযথভাবে যাচাইপূর্বক সমন্বয় করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। ৭.৩ চোরাচালান সংক্রান্ত পেন্ডিং মামলা নিষ্পত্তির বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।	৭.১ চোরাচালান মামলার রায়ে অত্যধিক খালাসের কারণ অনুসন্ধান করে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৭.২ চোরাচালান মামলার বিবরণ যথাযথভাবে যাচাইপূর্বক সমন্বয় করতে হবে। ৭.৩ চোরাচালান সংক্রান্ত পেন্ডিং মামলা দুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)। ২. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট। ৩. অতিরিক্ত কমিশনার ও সদস্য সচিব, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সিলেট। ৪. পুলিশ সুপার (সকল)। ৫. বিজ্ঞ পিপি (সকল)।

০৮. নৌ পুলিশ, সিলেট অঞ্চল হতে প্রাপ্ত চোরাচালান ও মাদক উদ্ধার সংক্রান্ত তথ্য: **৮.১** নৌ পুলিশ, সিলেট অঞ্চল-এর চোরাচালান ও মাদকের অভিযান সংক্রান্ত জুলাই-আগস্ট/২০২৪ মাসের তথ্য পর্যালোচনায় দেখা যায় জুলাই-আগস্ট/২০২৪ মাসে ০১ টি অভিযান পরিচালনা করে **১,২৪,০০০/-(এক লক্ষ চব্বিশ হাজার) টাকার** মালামালসহ এবং ০১ জন ব্যাক্তিকে আটক করা হয়। ৮.২ সকল ধরনের নৌ-যানের হিসাব নিশ্চিত করার জন্য সভাপতি নৌ-পুলিশ সুপার এবং জেলা প্রশাসকগণদের নির্দেশনা প্রদান করেন। ৮.৩ পুলিশ সুপার, নৌ পুলিশ, সিলেট -কে নিয়মিত অভিযান পরিচালনার ধারা অব্যাহত রাখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ৮.৪ তাছাড়া সভায় পুলিশ সুপার, নৌ পুলিশ, সিলেট কর্তৃক চোরাচালান ও মাদক অভিযানের তথ্য প্রতি মাসে আঞ্চলিক টাস্কফোর্সের নিকট প্রেরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	৮.১ প্রতিমাসে জেলাওয়ারী অভিযান পরিচালনা নিশ্চিত করতে হবে। ৮.২ সকল ধরনের নৌ-যানের হিসাব রাখতে হবে। ৮.৩ পুলিশ সুপার, নৌ পুলিশ, সিলেট -কে নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। ৮.৪ অভিযান পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে আঞ্চলিক টাস্কফোর্সের নিকট প্রেরণ করতে হবে।	১. জেলা প্রশাসক, সকল। ২. পুলিশ সুপার, নৌ পুলিশ, সিলেট।
০৯. জ্বালানি তেল, ভোজ্য তেল ও ইউরিয়া সারের পাচার রোধ সংক্রান্ত: ৯.১ সভায় জানানো হয় যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী জ্বালানি, ভোজ্য তেল পাচার রোধ বিষয়ে অভিযান অব্যাহত আছে। তবে ইউরিয়া সারের পাচার রোধের বিষয়ে সভাপতি সীমান্তবর্তী এলাকায় নজরদারি বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করেন। ৯.২ সীমান্ত দিয়ে প্রবেশকারী ভারতীয় যানবাহন যাতে প্রয়োজনের অতিরিক্ত জ্বালানি তেল ক্রয় করতে না পারে সে বিষয়ে আলোচনা করা হয়। ৯.৩ জেলা থেকে নির্ধারিত ছকে পেট্রোল পাম্প সমূহের তেলের উত্তোলন, বিক্রয় এবং মজুদের হিসাব প্রতি মাসে এ কার্যালয়ে পাওয়া যাচ্ছে।	৯.১ জ্বালানি তেল, ভোজ্য তেল, সার পাচার/ চোরাচালান প্রতিরোধে সীমান্তবর্তী এলাকায় নজরদারি বৃদ্ধি করতে হবে। ৯.২ সীমান্তে ভারতীয় যানবাহন যাতে প্রয়োজনের অতিরিক্ত জ্বালানি ক্রয় করতে না পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ৯.৩ জেলা থেকে নির্ধারিত ছকে পেট্রোল পাম্প সমূহের তেলের উত্তোলন, বিক্রয় এবং মজুদের হিসাব প্রতি মাসে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	১. সেক্টর কমান্ডার বিজিবি, সিলেট/শ্রীমঙ্গাল। ২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)। ৩. কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সিলেট। ৪. পুলিশ সুপার (সকল)।
১০. অবৈধ করাত কল উচ্ছেদ সংক্রান্ত: ১০.১ মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে অবৈধভাবে স্থাপিত/পরিচালিত করাতকল সমূহ উচ্ছেদ, সীলগালা এবং বন্ধ করণের কার্যক্রম অব্যাহত আছে। ১০.২ সভায় অবৈধ করাত লাইসেন্স প্রদান প্রক্রিয়া ও অবৈধ করাত কল উচ্ছেদের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বন বিভাগ সভাকে অবহিত করেন যে অবৈধ করাত-কলগুলোর বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা কার্যক্রম চলমান রয়েছে। ১০.৩ এছাড়াও মহামান্য হাইকোর্টে যে সকল করাত-কলে রীট মামলা রয়েছে সে সকল রীট মামলার জবাব সঠিকভাবে প্রেরণ করার জন্য সভাপতি সভায় নির্দেশনা প্রদান করেন। ১০.৪ অবৈধ করাত কলের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয় আলোচনা হয়। উপস্থিত বিভাগীয় বন কর্মকর্তা জানান যে, অবৈধ করাত কলে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হচ্ছে না এবং বিদ্যমান এরূপ অবৈধ করাত কলে সংযোগ বিচ্ছিন্ন করার কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। ১০.৫ অবৈধ করাত কল বন্ধ করণের বিষয়ে মন্ত্রণালয় হতে গঠিত কমিটি কর্তৃক সর্বশেষ নীতিমালা অনুযায়ী কাজ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	১০.১ অবৈধ করাতকলসমূহ উচ্ছেদ, সীলগালা এবং বন্ধ করণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ১০.২ অবৈধ করাত-কলগুলোর বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। ১০.৩ যে সকল করাত-কলে রীট মামলা রয়েছে সে সকল রীট মামলার জবাব সঠিকভাবে প্রেরণ করতে হবে। ১০.৪ অবৈধ করাত-কলে বৈদ্যুতিক সংযোগ প্রদান যেন না করা হয় তা নিশ্চিত করতে হবে।	১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাবিউবো/ মহাব্যবস্থাপক, আরইবি। ২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)। ৩.পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট। ৪. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট।

১১. জাল নোট প্রস্তুত ও সরবরাহকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত: ১১.১ জালনোট প্রতিরোধে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে এবং স্থানীয় সোনালী ব্যাংক পিএলসি এর সহযোগীতায় প্রতি মাসে সিলেট বিভাগের একটি উপজেলা বাছাইপূর্বক **"জালনোট প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিমূলক ওয়ার্কশপ"** আয়োজন করা হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংক, সিলেট -এর প্রতিনিধি সভায় অবহিত করেন। সভাপতি এ ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। ১১.২ সভায় জানানো হয় যে বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী জাল নোট প্রস্তুত ও সরবরাহ সংক্রান্ত অপরাধ দমনে সতর্কতা অবলম্বন করা হচ্ছে। ১১.৩ জালনোট প্রস্তুতকারীরা যেন সক্রিয় হতে না পারে সে বিষয়ে সভাপতি গোয়েন্দা সংস্থা এবং আইন-শৃঙ্খলা বাহিনীকে কঠোর অবস্থান নেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। ১১.৪ জাল নোট সংক্রান্ত মামলার সংখ্যা উল্লেখসহ প্রতিমাসে ধৃত জাল নোটের সঠিক পরিসংখ্যান নির্ধারিত ছকে প্রেরণ করা হচ্ছে। ব্যাংকের প্রতিটি শাখায় জাল নোট সনাক্তকরণ ব্যবস্থা রাখার বিষয়ে সভায় আলোচিত হয়। ১১.৫ তাছাড়া জাল নোট সংক্রান্ত মামলা নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। জাল নোট সংক্রান্ত মামলা দ্রুত নিষ্পত্তি করতে পারে।	১১.১ জালনোট প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিমূলক ওয়ার্কশপ আয়োজনের ধারা অব্যাহত রাখতে হবে। ১১.২ জাল নোট প্রস্তুত ও সরবরাহ সংক্রান্ত অপরাধ দমনে অপরাধী সিন্ডিকেট চিহ্নিত করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১১.৩ জালনোট প্রস্তুতকারীরা যেন সক্রিয় হতে না পারে সে বিষয়ে গোয়েন্দা সংস্থা এবং আইন-শৃঙ্খলা বাহিনীকে কঠোর অবস্থান নিতে হবে। ১১.৪ সিলেট বিভাগে জাল নোট সংক্রান্ত মামলার সংখ্যা উল্লেখসহ প্রতিমাসে ধৃত জাল নোটের সঠিক পরিসংখ্যান নির্ধারিত ছকে প্রেরণ করতে হবে। ১১.৫ জাল নোট সংক্রান্ত মামলা নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১.উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট। ২. পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট। ৩. অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট। ৪. পুলিশ সুপার (সকল)। ৫. অতিরিক্ত পরিচালক, এনএসআই, সিলেট। ৬. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, সিলেট।

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬-০৯-২০২৪
আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
বিভাগীয় কমিশনার
০২৯৯৬৬৪৩২৬৬
divcomsylhet@mopa.gov.bd

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৪৬.০০০০.০০৮.০৬.০০৯.১৬.৬০৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ;
৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড;
৪। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;
৫। মহাপরিচালক (বিজিবি), বর্ডার গার্ড বাংলাদেশ;
৬। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর;
৭। মহাব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে (পূর্বাঞ্চল, চট্টগ্রাম);
৮। উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট;
৯। উপ-মহাপুলিশ পরিদর্শক, হাইওয়ে রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা;
১০। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট;
১১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সিলেট;
১২। কর কমিশনার, কর অঞ্চল, সিলেট;

১৩। সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার;
১৪। সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট;
১৫। রিজিওন কমান্ডার, বিজিবি, উত্তর-পূর্ব রিজিয়ন, রিজিওনাল হেডকোয়ার্টার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া;
১৬। উপমহাপরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট রেঞ্জ, সিলেট;
১৭। অতিরিক্ত পরিচালক, এনএসআই, সিলেট;
১৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার;
১৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ;
২০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ;
২১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট;
২২। পরিচালক, র‍্যাব-৯, সিলেট;
২৩। পুলিশ সুপার, সিলেট;
২৪। পুলিশ সুপার, সুনামগঞ্জ;
২৫। পুলিশ সুপার, মৌলভীবাজার;
২৬। পুলিশ সুপার, হবিগঞ্জ;
২৭। পুলিশ সুপার, রেলওয়ে পুলিশ, সিলেট;
২৮। পুলিশ সুপার, নৌ-পুলিশ, সিলেট;
২৯। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, সিলেট;
৩০। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট;
৩১। বিভাগীয় বন কর্মকর্তা, বন বিভাগ, সিলেট;
৩২। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট;
৩৩। সহকারী পরিচালক, গোয়েন্দা ও তদন্দ অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, সিলেট;
৩৪। সভাপতি, সিলেট চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রিজ, সিলেট;
৩৫। ডিভিশনাল কমার্শিয়াল অফিসার, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা;
৩৬। বিভাগীয় রেলওয়ে ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা;
৩৭। স্টেশন ম্যানেজার, সিলেট রেলওয়ে স্টেশন, সিলেট;
৩৮। সুপারিনটেনডেন্ট, রেলওয়ে, চট্টগ্রাম;
৩৯। বিভাগীয় বানিজ্যিক কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা;
৪০। বিজ্ঞ পিপি, চোরাচালান রোধ সম্পর্কিত আদালত, মৌলভীবাজার;
৪১। বিজ্ঞ বিশেষ পিপি, বিশেষ ট্রাইব্যুনাল নং-৫, সিলেট;
৪২। বিজ্ঞ পিপি, চোরাচালান রোধ সম্পর্কিত আদালত, সুনামগঞ্জ;
৪৩। বিজ্ঞ পিপি, চোরাচালান রোধ সম্পর্কিত আদালত, হবিগঞ্জ এবং
৪৪। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

২৬-০৯-২০২৪
আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
বিভাগীয় কমিশনার

সকল সংযুক্তিসমূহ:
(১) পরিশিষ্ট ক